

তোসকানা অঞ্চলে প্রবেশ

তোসকানা বিভাগের রেসিডেন্ট বা স্থায়ী ঠিকানাধারী অথবা বসবাসকারী যেসব লোক বিশ্ব স্বাস্থ্য সংস্থা দ্বারা চিহ্নিত অথবা সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় ব্যবস্থায় চিহ্নিত মহামারী আক্রান্ত এলাকায় বসবাসের পরে তোসকানাতে প্রবেশ করবেন অথবা গত চৌদ্দ দিনে যেসব ব্যক্তি প্রবেশ করেছেন (কাজের প্রয়োজনে অথবা পরিস্থিতির প্রয়োজনে অথবা স্বাস্থ্যগত কারণে যে সব লোক জায়গা পরিবর্তন করেছেন তারা ব্যতীত), তাদেরকে শেষবার উপস্থিত হবার পর থেকে বাধ্যগতভাবে স্বেচ্ছায় ঘরের ভিতরে বিচ্ছিন্ন অবস্থায় বা আইসোলেশনে থাকতে হবে, ব্যক্তিগত ডাক্তার অথবা শিশুরোগ বিশেষজ্ঞ কে নিজের পরিস্থিতি সম্পর্কে জানাতে হবে, বিশেষ করে যদি রোগের কোন লক্ষণ দেখা দেয়। অথবা স্বাস্থ্য সংস্থা নির্দেশিত নিম্নলিখিত নাস্বারগুলিতে যোগাযোগ করতে হবে :

Asl Toscana centro (ফিরেঞ্জ, প্রাতো, পিস্তোইয়া, এমপোলি এলাকার জন্য)
tel. 055.5454777 mail rientrocina@uslcentro.toscana.it

Asl Toscana nord ovest (পিসা, লিভোর্নো, লুকা, মাসসা কাররারা, ভিয়ারেজ্জো এলাকার জন্য)
tel. 050.954444 mail rientrocina@uslnordovest.toscana.it

Asl Toscana sud est (আরেজ্জো, গ্রসসেতো, সিয়েনা এলাকার জন্য)
tel. 800.579579 - 800.050529 mail rientrocina@uslsudest.toscana.it

যে সব ব্যক্তি কাজের প্রয়োজনে, পরিস্থিতি অথবা স্বাস্থ্যগত প্রয়োজন ছাড়া ভিন্ন কোন কারণে মহামারী আক্রান্ত এলাকায় বসবাসের পর সেখান থেকে তোসকানায় আসবেন অথবা গত চৌদ্দ দিনের মধ্যে প্রবেশ করেছেন এবং তোসকানাতে নিজস্ব ডাক্তার অথবা শিশুরোগ বিশেষজ্ঞ নেই, তারা অবশ্যই নিজের বাসস্থান, ঘর বা বাসভবনে ফিরে যাবেন, তা নাহলে উপরোল্লিখিত সংস্থাগুলোর সাথে যোগাযোগ করে স্বেচ্ছায় ঘরের ভেতরে বিচ্ছিন্ন অবস্থায় বা আইসোলেশনে রাখার ব্যবস্থা করা হবে ।
যদি উপরে উল্লেখিত পরের ব্যক্তি তোসকানার স্বাস্থ্য পরিষেবার কোন জরুরী বিভাগে যায়, এবং তার শারীরিক অবস্থা হাসপাতালে ভর্তি করার মত গুরুতর না হয়, তবে তাকে তোসকানার বাইরে তার নিজস্ব বাসস্থান ঘর বা স্থায়ী ঠিকানা যেখানে তাকে চলে যেতে হবে, সেখানে গিয়ে নিজস্ব ডাক্তার বা শিশু বিশেষজ্ঞের তত্ত্বাবধানে থাকার জন্য অনুরোধ করা হচ্ছে ।